মেহেরপুরে বিদেশি অস্ত্র ও গুলিসহ সন্ত্রাসী আটক

মেহেরপুরের গাংনী থেকে বিদেশি পিস্তল, ২টি ম্যাগাজিন ও ৩ রাউন্ড তাজা গুলিসহ লাল্টু বিশ্বাস (৪০) নামে একজনকে আটক করেছে যৌথ বাহিনী।

আজ শুক্রবার সকাল সাড়ে ৬টার দিকে গাংনীর লক্ষীনারায়নপুর ধলা গ্রামে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। তিনি ওই গ্রামের মৃত আক্কাস আলীর ছেলে।

যৌথ বাহিনীর অভিযান সূত্রে জানা যায়, লাল্টু বিশ্বাস নিজ বাড়িতে অস্ত্র নিয়ে অবস্থান করছেন, এমন গোপন সংবাদের ভিত্তিতে যৌথ বাহিনীর একটি দল অভিযান চালায়। অভিযানে ৭.৬৫ মিমি সাইজের একটি বিদেশি পিস্তল (Made in USA), দুটি ম্যাগাজিন এবং তিন রাউন্ড তাজা গুলি উদ্ধার করা হয়। লাল্টু বিশ্বাসের এক ভাই ডাকাতির চেষ্টাকালে জনতার হাতে মারা গেছেন এবং আরও এক ভাই পদ্মবিল দখল নিয়ে সংঘর্ষে মারা গেছে। তার বিরুদ্ধে এলাকায় চাঁদাবাজি, দখলদারিত্বসহ একাধিক অভিযোগ রয়েছে।

অভিযানটি পরিচালনা করেন ২৭ ফিল্ড রেজিমেন্ট আর্টিলারির ক্যাপ্টেন রওশন ও লেফটেন্যান্ট মিনহাজ এবং গাংনী থানা পুলিশের একটি টিম। লাল্টু বিশ্বাসের বিরুদ্ধে অস্ত্র আইনে মামলা প্রক্রিয়াধীন রয়েছে। আটককৃত লালটুকে গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে।